# বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন শাখা
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

## বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ হান্নান মিয়া |
| | : চেয়ারম্যান |
| সভার তারিখ | : ০৭-১২-২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ০২:৩০ ঘটিকা |
| স্থান | : 'ঐকতান' সভাকক্ষ, *বাপক*, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং মহান বিজয় দিবস ও বাংলাদেশের সুবর্ণজয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, অক্টোবর মাস থেকে যে লাভের সূচনা হয়েছে তা এ মাসেও অব্যাহত রয়েছে। চেয়ারম্যান মহোদয়ের দৃঢ় নেতৃত্বে ও সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই সফলতা এসেছে বলে পরিচালক (প্রশাসন ও অর্থ) সকলের পক্ষ থেকে চেয়ারম্যান মহোদয়কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি এই লাভের ধারা বজায় রাখতে সকলকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ করেন। এরপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

২.০। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) গত ১৬-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কী না জানতে চাইলে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। কার্যপত্রের উপর ধারাবাহিক আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিবরণ |
|---|---|
| ৩.০। | **মুজিব শতবর্ষ** |
| ৩.১। | **'মুজিব শতবর্ষ' উদযাপন প্রসঙ্গে**<br>**আলোচনা:** মুজিব জন্মশতবার্ষিকীর বর্ধিত সময়ে *বাপক*-এর সময়াবদ্ধ কর্মপরিকল্পনায় ১২টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।<br><br>কর্মসূচি ১:<br>গত ২১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ 'বঙ্গবন্ধু ও ১৯৫২'র ভাষা আন্দোলন' শীর্ষক সেমিনার জুম ক্লাউডে আয়োজন করা হয়েছে।<br><br>কর্মসূচি ২:<br>গত ১৭ মার্চ ২০২১ জাতির পিতার ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে:<br>➢ ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন;<br>➢ বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে ড্রপ-ডাউন ব্যানার ঝুলানো, আলোকসজ্জাকরণ এবং মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন;<br>➢ প্রধান কার্যালয়ে কেক কাটা কর্মসূচি;<br>➢ জাতির পিতা বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন ও তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে ভবিষ্যত প্রজন্মের করণীয় শীর্ষক জুম ক্লাউডে আলোচনা সভা;<br>➢ বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে এতিম ও দুস্থদের মাঝে খাবার বিতরণ;<br>➢ বাপক-এর সকল হোটেল-মোটেলে আগত অতিথিদের জন্য আবাসনের উপর ১৭ মার্চ একদিনের জন্য ২০% + ১৭% = মোট ৩৭% ডিসকাউন্ট অফার;<br>➢ বাপক-এর সকল ইউনিটে বঙ্গাবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে প্রণীত থিম সং পরিবেশন। |

| | | |
|---|---|---|
| | | কর্মসূচি ৩:<br>গত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন নিম্নবর্ণিত কর্মসূচি পালন করা হয়েছে:<br>➢ ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে **বিশেষ মোনাজাত;**<br>➢ ২৫ মার্চ বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটগুলোতে সারাদেশে ০১ (এক) মিনিটের জন্য **প্রতীকী ব্ল্যাক আউট;**<br><br>২৬ মার্চ ২০২১<br>➢ সূর্যোদয়ের সাথে সাথে প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে **জাতীয় পতাকা উত্তোলন;**<br>➢ বাপক প্রধান কার্যালয়সহ বিভাগীয়/জেলা পর্যায়ের হোটেল, মোটেলে **ব্যানার ঝুলানো** এবং **আলোকসজ্জাকরণ;**<br>➢ বাপক প্রধান কার্যালয়ের উদ্যোগে দরিদ্রদের মাঝে **উন্নতমানের খাবার পরিবেশন;**<br>➢ বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে **'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম' শীর্ষক জুমে আলোচনা সভা;**<br>➢ জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে বাপক প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে **মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত;**<br>➢ বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বাপক এর হোটেল, মোটেলে আগত অতিথিদের **আবাসনের উপর একদিন ২৬% ডিসকাউন্ট অফার;**<br>➢ বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে **এতিম এবং দুস্থ শিশুদের মাঝে খাবার বিতরণ;**<br>➢ বাপক ওয়েবসাইটে সুবর্ণ জয়ন্তী কর্ণার স্থাপন।<br><br>কর্মসূচি ৪ (১২-১৩ এপ্রিল '২১):<br>বঙ্গবন্ধুর সাম্প্রদায়িক সম্প্রীতি চেতনা লালনে 'পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় বৈসাবি উৎসব' আয়োজন/বৈসাবি প্যাকেজ অফার কোভিড-১৯ এর কারণে পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় কর্মসূচিটি স্থগিত করেছেন।<br><br>কর্মসূচি ৫ (জুলাই '২১):<br>সুজলা-সুফলা সোনার বাংলায় আম উৎসব কোভিড-১৯ এর কারণে আম উৎসব কর্মসূচিটি স্থগিত করা হয়েছে।<br><br>কর্মসূচি ৬ (১৫ আগস্ট '২১, জাতীয় শোক দিবসের কর্মসূচি):<br>স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পর্যটন করপোরেশন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে;<br>➢ বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন' সহ সকল ইউটিগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;<br>➢ ধানমন্ডিস্থ ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন;<br>➢ পর্যটন ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ;<br>➢ টুঙ্গিপাড়াস্থ হোটেল মধুমতি সার্বিকভাবে প্রস্তুত রাখা;<br>➢ কালো ব্যাজ প্রস্তুত ও বিতরণ;<br>➢ মিলাদ ও দোয়া মাহফিল;<br>➢ জুম এর মাধ্যমে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের উপর পাঠচক্র এবং আলোচনা সভা;<br>➢ *বাপক*-এর সকল হোটেল-মোটেলের ইউনিট ব্যবস্থাপকগণ জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় স্থানীয়ভাবে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;<br>➢ শোক ব্যানার প্রস্তুত এবং প্রধান কার্যালয়সহ সকল ইউনিটের দৃশ্যমান স্থানে স্থাপন করা।<br><br>কর্মসূচি ৭ (২৭ সেপ্টেম্বর '২১):<br>বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে **'বঙ্গবন্ধুর স্বপনের সোনার বাংলা এবং বাংলাদেশের পর্যটন'** শীর্ষক সেমিনার আয়োজন ও এনএইচটিটিআই এর উদ্যোগে 'কুকিং শো' কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।<br><br>কর্মসূচি ৮ (অক্টোবর '২১):<br>সংস্থার অবসরগ্রহণকারী বা বর্তমানে কর্মরত কর্মকর্তাদের মধ্যে যারা বঙ্গবন্ধুর সহচার্য বা ঘনিষ্টতা লাভ করতে পেরেছিলেন গত ২৮-২০-২০২১ খ্রি: তারিখে তাঁদেরকে নিয়ে বঙ্গবন্ধুর উপর স্মৃতিচারণ অনুষ্ঠান জুম-এ আয়োজন করা হয়েছে। |

কর্মসূচি ৯ (নভেম্বর '২১):
বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেন্যু প্রস্তুত ও তা সকল ইউনিটে চালু করা।

কর্মসূচি ১০ (চলমান):
মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ১৭ (সতের) সংখ্যার সাথে মিল রেখে ১৭ মার্চ, ১৪ এপ্রিল, ১৭ এপ্রিল, ১৬ ডিসেম্বর ইত্যাদি তারিখে যথাক্রমে ১৭%, ৩৪% এবং ৫১% ইত্যাদি হারে বাণিজ্যিক ইউনিটে কক্ষ ভাড়ার উপর রেয়াত প্রদান। এতদবিষয়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

কর্মসূচি ১১ (চলমান):
বাংলাদেশে বঙ্গবন্ধু স্মৃতিবিজড়িত স্থান/ভ্রমণ করেছেন এমন ১০০টি স্থান নির্বাচন করে অনলাইনে দেশে-বিদেশে প্রচার করা।

কর্মসূচি ১২ (১৬ ডিসেম্বর '২১):
বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির সমাপনী প্রোগ্রামে বর্ণাঢ্য র‍্যালিসহ বাপক-এর অংশগ্রহণ: জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশনের স্বতঃস্ফূর্তভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ।

গত ০৮ জুন ২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ/বাস্তবায়িত হয়েছে:

- প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে মুজিব জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয় করে ব্যানার তৈরি ও সাটাঁনো হয়েছে;
- মুজিববর্ষের লোগো ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো সম্বলিত ১০০টি প্যাড ইতোমধ্যে তৈরি করা হয়েছে;
- সংস্থার সকল চিঠিপত্র, বিজ্ঞাপনের মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো ব্যবহারের জন্য সংস্থার সকল শাখাকে বলা হয়েছে এবং কার্যকর করা হয়েছে।

**সিদ্ধান্ত:**
ক) 'মুজিব শতবর্ষ' উদযাপন সংক্রান্ত প্রতিটি অনুষ্ঠানকে সর্বাধিক গুরুত্ব দিয়ে পরিবর্তিত পরিস্থিতিতে জাতীয় কমিটি তথা রাষ্ট্রীয় সিদ্ধান্ত/নির্দেশনা অনুসরণে *বাপক*-এর পক্ষ হতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। একইসাথে সকল প্রকাশনা, প্রচারণা ও গৃহীত কার্যক্রমের ছবি, ভিডিও বা আনুষঙ্গিক প্রমাণাদি সংগ্রহ ও সংরক্ষণ করে *বাপক*-এর পক্ষে পরবর্তীতে একটি সংকলন আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পছন্দের খাবারের মেন্যু সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;
গ) সরকারের সিদ্ধান্ত মোতাবেক সকল অনুষ্ঠান *বাপক* যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে।

**বাস্তবায়ন:** সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস)

৩.২। **'পর্যটন ভবন'-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন প্রসঙ্গে**

**আলোচনা:** 'পর্যটন ভবন'-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও আনুষঙ্গিক সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য মহাব্যবস্থাপক (পূর্ত), ব্যবস্থাপক (পরিকল্পনা-১) ও ব্যবস্থাপক (জনসংযোগ)-এর সমন্বয়ে গঠিত কমিটি কার্যক্রম চলমান রেখেছে।

**সিদ্ধান্ত:** আগামী ১৫-১২-২০২১ তারিখের মধ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনপূর্বক শুভ উদ্বোধনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন:** গঠিত কমিটি / মহাব্যবস্থাপক (পূর্ত)

৩.৩। **স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন প্রসঙ্গে**

**আলোচনা:** করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় সরকারের সিদ্ধান্ত মোতাবেক সকল অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় প্রতিপালনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** সরকারের সিদ্ধান্ত মোতাবেক সকল অনুষ্ঠান *বাপক* যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে। এর পাশাপাশি আগামী ১৫-১২-২০২১ তারিখ বেলা ০৩:০০ ঘটিকায় 'পর্যটন ভবন'-এ 'ফুড ফেস্টিভ্যাল' আয়োজনের বিষয়ে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন:** সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস) / প্রশাসন শাখা

৩.৪। **বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের নভেম্বর মাসের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি প্রসঙ্গে**

**আলোচনা:** নভেম্বর ২০২১ মাসে *বাপক*-এর সকল বাণিজ্যিক ইউনিটের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি সম্পর্কিত সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকা)

| ক্রম | মোট বাণিজ্যিক ইউনিট | মোট আয় | মোট ব্যয় | লাভ/ক্ষতি |
|---|---|---|---|---|
| ১ | ৪৯ | ১৩৬১.০২ | ১১৬৯.৬৩ | ১৯১.৩৯ |

**সিদ্ধান্ত:** অর্থ ও হিসাব শাখার সহযোগিতায় বাণিজ্যিক শাখা ইউনিটসমূহের মাসিক প্রতিবেদন (আয়/ব্যয় ও লাভ/ক্ষতি) সংরক্ষণ করবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (বাণিজ্যিক) / ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ইউনিট ব্যবস্থাপক (সকল)

৪.০। **আইন শাখা**

৪.১। **রীট, দেওয়ানী, ফৌজদারি এবং বিভাগীয় মামলা প্রসঙ্গে**

**ক) আলোচনা:** সভায় সিলেট শিশুপার্ক সংক্রান্ত আলোচনায় সভাপতি সংস্থার বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সংস্থার নিজস্ব মামলাসমূহের বিষয়ে সত্বর তদন্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। সভাপতি বলেন, কার্যকারিতা নেই এমন মামলাও কার্যতালিকায় রয়ে গেছে। এই অবস্থা থেকে উত্তরণের উপায় খুঁজতে তিনি আইন শাখাকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

i) সিলেট শিশুপার্ক সংক্রান্ত সংশ্লিষ্ট বেসরকারি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (লিজ গ্রহীতা) সাথে চুক্তি নবায়ন ও অন্যান্য পাওনার বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে:

১) সিলেট শিশুপার্ক দখলে নিতে আইনগত কোন বাধা আছে কী না সে বিষয়ে মতামত গ্রহণের নিমিত্ত বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করতে হবে;
২) দখলে নেয়ার অনুকূল মতামত পাওয়া গেলে প্রশাসনিকভাবে একটি কমিটি গঠন করা হবে;
৩) দখলে নেয়ার পর 'পর্যটন শিশু পার্ক, সিলেট' নামে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হবে। বিজ্ঞপ্তি অনুসারে নির্বাচিত দরদাতাকে হস্তান্তর করা হবে।

ii) সংস্থার পক্ষে দায়েরকৃত গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা ও সংস্থার বিপক্ষে উত্থাপিত মামলাসমূহ এই দু'টি ভাগে বিভক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। কম গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকায় যেসব মামলার কোন কার্যকারিতা নেই সেগুলো কার্যতালিকা থেকে বাদ দেয়ার লক্ষ্যে বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে জরুরি ভিত্তিতে আলোচনা করতে হবে।

iii) আইনজীবীদের সাথে নিয়মিত সভা করে মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (বাণিজ্যিক) / উপব্যবস্থাপক (আইন)

খ) অক্টোবর ২০২১ মাসে *বাপক*-এর বিভাগীয় মামলাসমূহের তথ্য নিম্নরূপ:

| মামলার বিবরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| অক্টোবর' ২১ মাসের জের | ০৪টি | |
| অক্টোবর' ২১ মাসে দায়ের | -- টি | |
| মোট মামলার সংখ্যা | ০৪টি | |
| নভেম্বর '২১ মাসে নিষ্পত্তি | ০১টি | |
| অনিষ্পন্ন মামলার সংখ্যা | ০৩টি | আদালতে চলমান মামলা ০২টি। এর মধ্যে ০১টি মামলায় মহামান্য হাইকোর্ট হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে। অপর ০১টি মামলা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে। |
| ১ বছরের উর্দ্ধে | ০২টি | |

| | | |
|---|---|---|
| ৬ মাসের উর্ধ্বে | -- টি | |
| ৩ মাসের উর্ধ্বে | -- টি | |
| ৩ মাসের মধ্যে | ০১টি | |

**সিদ্ধান্ত:** সংস্থার অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পন্ন করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (প্রশাসন)

৪.২। **হোটেল অবকাশ-এ অভ্যন্তরীণ নিরীক্ষার ভিত্তিতে উত্থাপিত অভিযোগের বিষয়ে বিভাগীয় কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে**

**আলোচনা:** হোটেল অবকাশ-এর অভ্যন্তরীণ নিরীক্ষায় অনিয়ম ও অর্থ তছরুপের অভিযোগে মামলা দায়েরের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ চারটি বিষয়: ১. সময়, ২. স্থান, ৩. ঘটনা ও ৪. জড়িত ব্যক্তি প্রভৃতিতে আলোকপাত করে দায়-দায়িত্ব নির্ধারণের জন্য ০৪ (চার) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি-কে দ্রুত প্রতিবেদন দাখিল করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**
কমিটি দ্রুত এ বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

**বাস্তবায়ন:** সংশ্লিষ্ট কমিটি / ব্যবস্থাপক, হোটেল অবকাশ/ ব্যবস্থাপক (প্রশাসন)

৫.০। **প্রশাসন শাখা**

৫.১। **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে**

**আলোচনা:** *বাপক*-এর ২০২১-২২ অর্থবছরের APA-এর সময়সূচি অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত:**
ক) *বাপক*-এর ২০২১-২২ অর্থবছরে APA-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে;
খ) প্রতি মাসে নিয়মিত সভা আয়োজন করে ছকবদ্ধ কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন:** প্রশাসন শাখা / ডেস্ক কর্মকর্তা, APA (সকল শাখা) / APA টিম

৫.২। **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে**

**আলোচনা:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত *বাপক*-এর নৈতিকতা কমিটি'র সভার মাধ্যমে গৃহীত সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হয়। এছাড়া শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সময়সূচি অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** *বাপক*-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে। চলতি অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভা আগামী ১২-১২-২০২১ তারিখে আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন:** প্রশাসন শাখা / সংশ্লিষ্ট সকল শাখা

৫.৩। **অভিযোগ নিষ্পত্তি এবং তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ প্রসঙ্গে**

**আলোচনা:** অভিযোগ নিষ্পত্তি, গণশুনানী প্রভৃতি বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে নির্দেশনা দেন যে, যেকোন ধরনের অভিযোগকে স্বাগত জানাতে ইউনিট ব্যবস্থাপকগণ সচেষ্ট হবেন।

**সিদ্ধান্ত:**
ক) বাণিজ্যিক ইউনিটে আগত অতিথিদের সর্বোত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন ইউনিট থেকে প্রাপ্ত অভিযোগসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে নিষ্পত্তি করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন।

খ) আইসিটি শাখা নিয়মিত তথ্য-বাতায়নসমূহ হালনাগাদ করবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (প্রশাসন / বাণিজ্যিক / পরিকল্পনা / বিওজস / আইসিটি) / ইউনিট ব্যবস্থাপক (সকল)

| | |
|---|---|
| ৫.৪। | **তথ্য অধিকার প্রসঙ্গে**<br>**আলোচনা:** তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) জানান, বিষয়টি সংস্থার তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত / হালনাগাদ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ৫.৫। | **অনিষ্পন্ন বিষয়াদি প্রসঙ্গে**<br>**আলোচনা:** প্রতি সমন্বয় সভায় প্রত্যেক ইউনিট বা শাখা থেকে অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** অনিষ্পন্ন বিষয়াদির তালিকায় কী বিষয় কী কারণে কার নিকট অনিষ্পন্ন অবস্থায় আছে- ইত্যাদি তথ্য অন্তর্ভুক্ত করে প্রতিবেদন প্রণয়ন করতে হবে। *বাপক*-এর সকল শাখা ও বাণিজ্যিক ইউনিটের অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে চেয়ারম্যান মহোদয়ের দপ্তর বরাবর প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (সকল) / চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব |
| ৫.৬। | ***বাপক*-এর জনবল কাঠামো প্রসঙ্গে**<br>**আলোচনা:** *বাপক*-এর জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে *বাপক* হতে সংশোধিত প্রস্তাব গত ১০-০৬-২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** *বাপক*-এর জনবল কাঠামোর বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন:** প্রশাসন শাখা |
| ৫.৭। | ***বাপক*-এর শূন্য পদে জনবল নিয়োগ প্রসঙ্গে**<br>**আলোচনা:** *বাপক*-এর স্থায়ী জনবল নিয়োগের বিষয়ে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট গঠিত কমিটির ২য় সভায় আলোচনামতে সংস্থার আয়-ব্যয়ের ভারসাম্য ও বকেয়ার পরিমাণ ইত্যাদির তুলনামূলক বিবরণী বিবেচনায় নিয়ে সুবিবেচনাপ্রসূত ও সুনির্দিষ্ট প্রস্তাবনা কর্তৃপক্ষ বরাবর দাখিল করা হয়েছে। ইতোমধ্যে বর্ণিত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে পূর্বের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি এবং নিয়োগের সম্মতি প্রার্থনা করে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরিত পত্রের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) |
| ৬.০। | **অর্থ ও হিসাব শাখা** |
| ৬.১। | **সংস্থার চলতি অর্থবছরের আয়-ব্যয় প্রসঙ্গে**<br>**আলোচনা:** সংস্থার ২০২১-২২ অর্থবছরে আয়ের ধার্যকৃত লক্ষ্যমাত্রা হলো ১৩০৪১.১২ লক্ষ টাকা। নভেম্বর ২০২১ মাসের লক্ষ্যমাত্রা ১০৮৬.৭৬ লক্ষ টাকার বিপরীতে অর্জিত হয়েছে ১৩৬১.০২ লক্ষ টাকা। নির্ধারিত লক্ষ্যমাত্রা থেকে (১৩৬১.০২ – ১০৮৬.৭৬) = ২৭৪.২৬ লক্ষ টাকা আয় বেশি হয়েছে। অন্যদিকে নভেম্বর ২০২১ মাসের মোট আয় ১৩৬১.০২ লক্ষ টাকা এবং মোট ব্যয় ১১৬৯.৬৩ লক্ষ টাকা। ফলে নীট অপারেটিং লাভের পরিমাণ (১৩৬১.০২ – ১১৬৯.৬৩) = ১৯১.৩৯ লক্ষ টাকা।<br><br>ইউনিট প্রধানগণ মাসিক প্রতিবেদন প্রেরণ অব্যাহত রেখেছেন। অবচয় খাতে অর্থ আদায় অব্যাহত আছে। প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটগুলোর মাসিক অবচয় ৫৭.৮৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। অবচয় খাতে এ পর্যন্ত ২৮,২৯,০০,০০০ টাকা জমা হওয়ার কথা কিন্তু জমা হয়েছে ৬,৩৬,২৭,০০০ টাকা। এর মধ্যে ৫.৫০ লক্ষ (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা FDR করা হয়েছে এবং ৩০-১১-২০২১ তারিখ পর্যন্ত অবচয় খাতে ৮৬,২৭,০০০ লক্ষ (ছিয়াশি লক্ষ সাতাশ হাজার) টাকা ব্যাংকে স্থিতি রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) ডিএফওসহ সকল ইউনিট ব্যবস্থাপক মাসিক প্রতিবেদন (আয়/ব্যয়) প্রেরণ অব্যাহত রাখবেন এবং সকল ইউনিট হতে অবচয় খাতের জমা নিশ্চিত করতে হবে; |

| | |
|---|---|
| | খ) অবচয়জনিত যে টাকা FDR করা হয়ে থাকে সেটি আর্থিক দুর্দিনে তারল্যতার দিকে সতর্ক দৃষ্টি বজায় রেখে জমা করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ইউনিট ব্যবস্থাপক (সকল) |
| ৬.২। | **সংস্থার অবচয় খাতে জমাকৃত অর্থের সঠিক ব্যবহার প্রসঙ্গে**<br>**আলোচনা:** পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, সংস্থার অবচয় খাতে অর্থ আদায় অব্যাহত আছে। তবে এ খাতে যে পরিমাণ অর্থ থাকার কথা সে পরিমাণ অর্থ নেই। তিনি আরো বলেন, গুরুত্ব বিবেচনায় সংস্থার যেসব জায়গায় ব্যয় করার সুযোগ আছে সেসব জায়গায় এই অর্থ ব্যয় করা যেতে পারে।<br><br>**সিদ্ধান্ত:** অবচয়জনিত যে টাকা FDR করা হয়েছে সেটি প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যয় করার বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) |
| ৭.০। | **নিরীক্ষা শাখা** |
| ৭.১। | **সংস্থার নিরীক্ষা আপত্তি প্রসঙ্গে**<br>**আলোচনা:** *বাপক*-এর অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ছক আকারে সংস্থার নভেম্বর '২১ মাসে নিরীক্ষা আপত্তির পরিসংখ্যান নিম্নরূপ: |

| | |
|---|---|
| গত মাসের জের (অক্টোবর '২১) | ৪০৯টি |
| বর্তমান মাসে (নভেম্বর '২১) প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা | -- টি |
| বর্তমান মাসে (নভেম্বর '২১) নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ০২ টি |
| আলোচ্য মাসে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | ৪০৭টি |
| আলোচ্য মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় অডিট সভা সংখ্যা | -- টি |
| আলোচ্য মাসে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট সভার সংখ্যা | -- টি |

ব্যবস্থাপক (নিরীক্ষা) জানান, নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উল্লিখিত ৪০৯টি আপত্তির প্রত্যেকটির জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে তিনি অবহিত করেন। এছাড়া নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির সভা আয়োজন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
সভাপতি নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জোরালো পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। APA-এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (নিরীক্ষা)

| | |
|---|---|
| ৮.০। | **ডিউটি ফ্রি অপারেশন্স ইউনিট** |
| ৮.১। | ***বাপক*-এর নিকট পাওনা সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া ভাড়া পরিশোধ প্রসঙ্গে**<br>**আলোচনা:** পূর্বতন হারে বকেয়া ভাড়া কিস্তি আকারে পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর কারণে ভাড়া রেয়াত/মওকুফের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। সভাপতি উক্ত আবেদন পত্রের প্রেক্ষিতে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** প্রধান কার্যালয় হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে ও সংস্থার আর্থিক অবস্থা বিবেচনায় *বাপক* কর্তৃক পরিচালিত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ শুল্কমুক্ত বিপণী, স্ন্যাকস ও ড্রিংকস কর্ণারের জায়গার ভাড়া বাবদ সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া পাওনা (পূর্বতন হারে) কিস্তির মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (ডিএফও) / ব্যবস্থাপক (শুল্কমুক্ত বিপণীসমূহ, হশাআবিব) |

**৮.২। বেনাপোল, ছোট সোনা মসজিদ ও আখাউড়া স্থলবন্দরে পর্যটন রেস্তোরাঁ ও বার পরিচালনা প্রসঙ্গে**

**আলোচনা:** পরিচালক (বাণিজ্যিক) বেনাপোল, ছোট সোনা মসজিদ ও আখাউড়া স্থলবন্দরে ডিএফও শপ প্রতিষ্ঠাকরণ এবং সম্ভব হলে পর্যটন রেস্তোরাঁ ও বার পরিচালনার বিষয়ে সভায় প্রস্তাব করেন। সভাপতি এই প্রস্তাবনাকে সাদরে গ্রহণ করেন এবং নীতিগতভাবে ইতিবাচক সিদ্ধান্ত প্রদান করেন।

**সিদ্ধান্ত:**
ক) ব্যবস্থাপক (সংগ্রহ), ডিএফও ও ব্যবস্থাপক (প্রশিক্ষণ) পর্যটন রেস্তোরাঁ ও বার পরিচালনার বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করে কর্তৃপক্ষ বরাবর দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন;
খ) স্থলবন্দর কর্তৃপক্ষের সাথে *বাপক*-এর একটি সভা আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (ডিএফও) / ডিএফও ইউনিট

**৯.০। বাণিজ্যিক শাখা**

**৯.১। *বাপক*-এর সকল বাণিজ্যিক ইউনিটে মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে**

**আলোচনা:** সকল বাণিজ্যিক ইউনিটে অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান আছে। এছাড়া কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিটে স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। জানুয়ারি ২০২২ মাসে একটি বাণিজ্যিক সম্মেলন আহ্বানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** *বাপক*-এর সকল বাণিজ্যিক ইউনিটে অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান থাকবে। সকল ধরনের ব্যয় সংকোচন নীতি প্রতিপালন এবং বিক্রয় বৃদ্ধির উপায় সম্পর্কে প্রাপ্ত মতামত/সুপারিশ পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বাণিজ্যিক ইউনিটসমূহের ভিডিও কনফারেন্স (Zoom Cloud)-এ সভা আয়োজনের ধারাবাহিকতা রক্ষা করতে হবে। কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিটে স্বাস্থ্যবিধি ও প্রণীত এসওপি অনুসরণপূর্বক সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (বাণিজ্যিক) / আইসিটি শাখা / ইউনিট ব্যবস্থাপক (সকল)

**৯.২। *বাপক*-এর বগুড়া বার-এর উদ্ভুত সমস্যা সমাধান প্রসঙ্গে**

**আলোচনা:** ইতোমধ্যে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বগুড়া বারের পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান আছে।

**সিদ্ধান্ত:** বগুড়া বার-এর উদ্ভুত সমস্যা সমাধানে পূর্ত শাখা দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (পূর্ত) / মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) / ইউনিট ব্যবস্থাপক (বগুড়া)

**১০.০। ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট**

**১০.১। ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় প্রসঙ্গে**

**আলোচনা:** ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার) সভাকে ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় অবহিত করেন। তিনি বলেন, বর্তমানে গাড়িগুলি রুপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে লীজ-এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।

**নভেম্বর '২১ মাসে আয় ও ব্যয়ের চিত্র**

| খাত | আয় | ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| কোস্টার | ২,৫৫,০০০/- | - | ভ্যাট বাদে আয় |
| মাইক্রোবাস | ১,২০,০০০/- | | |
| এম,এল, শালুক | ২৭,৫০০/- | | |
| স্থায়ী কর্মকর্তা | - | - | |
| উৎসব বোনাস | | - | |
| কর্মচারী (কার্যসহকারী) | | ২০,৮০০/- | |
| ভ্যাট | | ৫২,৫০৫/- | |

| | | | |
|---|---|---|---|
| হাউজকিপিং | - | - | - |
| মোট = | ৪,০২,৫০০/- | ৭৩,৩০৫/- | লাভ ৩,২৯,১৯৫/- |

এ প্রসঙ্গে পরিচালক (বাণিজ্যিক) ০৪টি মাইক্রোবাস ভাড়া বাবদ অক্টাগন কোম্পানী এবং এম,এল; শালুক পরিচালনাকারীর নিকট পাওনার বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপক (বাণিজ্যিক) বলেন, অক্টাগন জুন '২১ মাস পর্যন্ত বকেয়া পরিশোধ করেছেন। ফলে নভেম্বর '২১ অবধি ০৫ (পাঁচ) মাসে ৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার মাত্র) টাকা হারে মোট ১৮,৭৫,০০০/- (আঠারো লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বকেয়া রয়েছে।

**সিদ্ধান্ত:**
ক) অক্টাগন কোম্পানীর নিকট হতে সমুদয় বকেয়া আদায় করতে হবে। বকেয়া আদায় না হলে কোম্পানীর ইজারা বাতিল করতে হবে। পাশাপাশি নতুন ও বিকল্প কোম্পানী বা ব্যবস্থা খুঁজতে হবে;
খ) *বাপক*-এর ক্রয়কৃত গাড়ীগুলো পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটি গাড়ীগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে কর্তৃপক্ষ বরাবর সুপরিকল্পিত ও সুচিন্তিত প্রতিবেদন দাখিল করবেন;
গ) *বাপক*-এর অনুকূলে বরাদ্দকৃত ট্রাভেল এজেন্সি লাইসেন্স ব্যবহারকারী টুয়েলভ ইভেন্টস-এর নিকট হতে সমুদয় বকেয়া আদায়ের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট / বাণিজ্যিক শাখা

১১.০। **পিটিএস শাখা**

১১.১। **ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রসঙ্গে**

**আলোচনা:** মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, ব্লু-ইকোনমি সংক্রান্ত প্রশাসনিক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সভাসমূহে *বাপক* থেকে নিয়মিত অংশগ্রহণ করা হয়। এছাড়া *বাপক*-এর স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনাসমূহ পরিমার্জন করে প্রস্তাব আকারে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:**
ক) ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) বিষয়ে মন্ত্রণালয়ে আহবানকৃত সভাগুলোতে *বাপক*-এর প্রতিনিধি নিয়মিত অংশগ্রহণ করবেন;
খ) অর্থ সংকুলান সাপেক্ষে ব্লু-ইকোনমির উপর একটি সেমিনার আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

১১.২। **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রসঙ্গে**

**আলোচনা:** পরিকল্পনা শাখা থেকে জানা যায় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর ছক অনুযায়ী বর্ণিত কার্যক্রমসমূহের বিষয়ে APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত:** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর কার্যক্রমসমূহ APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (পিটিএস) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি

১১.৩। **"৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা কাজে লাগাতে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ" বিষয়ক ডিপিপি প্রণয়ন প্রসঙ্গে**

**আলোচনা:** মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় ও এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক আগামী ১২, ১৩ ও ১৪ অক্টোবর ২০২১ খ্রি. তারিখে উপর্যুক্ত শিরোনামে অনুষ্ঠিত কর্মশালায় *বাপক*-এর দু'টি প্রতিনিধি দল দু'টি উদ্ভাবনী ধারণা উপস্থাপন করেন। সভাপতি উক্ত ধারণাসমূহকে প্রকল্প আকারে প্রণয়নের লক্ষ্যে দু'টি প্রতিনিধি দল, পরিকল্পনা শাখার দু'জন কর্মকর্তা এবং ব্যবস্থাপক (আইসিটি)-এর সমন্বয়ে নিম্নরূপে দু'টি পৃথক কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন:

**কমিটি ১**

| ক্রম | কর্মকর্তা | দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জিয়াউল হক হাওলাদার<br>ব্যবস্থাপক, বিক্রয় উন্নয়ন ও জনসংযোগ | প্রকল্প প্রণয়নের লক্ষ্যে সকল তথ্যাদি সরবরাহ করবেন | |

| | | | |
|---|---|---|---|
| ২ | মিজ শিপ্রা দে<br>উপব্যবস্থাপক (পরিকল্পনা) | জনাব মোঃ জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক-এর নেতৃত্বাধীন প্রতিনিধি দলের উদ্ভাবনী ধারণা মোতাবেক তথ্যাদি সংগ্রহ করে একটি আদর্শ ডিপিপি প্রণয়ন করবেন | |
| ৩ | জনাব মোহাম্মদ এহসানুল কবীর<br>ব্যবস্থাপক (আইসিটি) | সকল প্রযুক্তিগত সহায়তা ও পরামর্শ প্রদান করবেন | |

**কমিটি ২**

| ক্রম | কর্মকর্তা | দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বেগম জাহিদা বেগম<br>উপব্যবস্থাপক, এনএইচটিটিআই | প্রকল্প প্রণয়নের লক্ষ্যে সকল তথ্যাদি সরবরাহ করবেন | |
| ২ | বেগম খাদিজা খানম<br>উপব্যবস্থাপক (পরিকল্পনা) | বেগম জাহিদা বেগম, উপব্যবস্থাপক-এর নেতৃত্বাধীন প্রতিনিধি দলের উদ্ভাবনী ধারণা মোতাবেক তথ্যাদি সংগ্রহ করে একটি আদর্শ ডিপিপি প্রণয়ন করবেন | |
| ৩ | জনাব মোহাম্মদ এহসানুল কবীর<br>ব্যবস্থাপক (আইসিটি) | সকল প্রযুক্তিগত সহায়তা ও পরামর্শ প্রদান করবেন | |

**সিদ্ধান্ত:**

ক) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা কাজে লাগাতে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ-এর বিষয়ে বর্ণিত তিন সদস্য বিশিষ্ট দু'টি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ:

i) কমিটিদ্বয় দ্রুততম সময়ের মধ্যে উদ্ভাবনী ধারণা দু'টির প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করবেন;

ii) প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে দু'টি আদর্শ ডিপিপি প্রণয়ন করবেন;

iii) প্রণীত ডিপিপি অনুযায়ী প্রকল্প দু'টি সার্থকভাবে বাস্তবায়নের একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন।

খ) সকল কার্যক্রম সমাপনান্তে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রণীত ডিপিপি ও প্রস্তাবনা প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** গঠিত কমিটি/পরিকল্পনা শাখা

১১.৪। **অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে**

**আলোচনা:** বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

ক) বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে। ই-নথি, বিভাগীয় মামলা, আইন-নীতি-চাকরির বিধানাবলী ও সেবা প্রদান বিষয়ক প্রশিক্ষণের পাশাপাশি APA ভুক্ত ৫টি কর্ম-পরিকল্পনার উপর নির্দিষ্ট বিষয়গুলো পরিকল্পনা শাখার নিয়মিত প্রশিক্ষণপঞ্জিতে অন্তর্ভুক্তকরণ এবং বিপণনের উপরও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) সক্ষমতা অর্জনের জন্য নবীন কর্মকর্তাদের কম্পিউটার কাউন্সিল থেকে কম্পিউটারের উপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (পরিকল্পনা-২)

| | |
|---|---|
| ১২.০। | **এস্টেট শাখা** |
| ১২.১। | ***বাপক*-এর সকল ইউনিট ও জমিজমার সীমানা নির্ধারণ ও প্রাচীর নির্মাণ প্রসঙ্গে**<br>**আলোচনা:** *বাপক*-এর সকল জমিজমা অবৈধ দখলদার ও সেগুলোর সীমানা সুরক্ষিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রসঙ্গত হোটেল শৈবাল, *বাপক*, কক্সবাজার-এর সীমানা প্রাচীর নির্ধারণ ও অব্যবহৃত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে তদস্থলে কটেজ নির্মাণের লক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশক্রমে গঠিত ছয় সদস্য বিশিষ্ট কমিটি সরেজমিন পরিদর্শনের উদ্দেশ্যে কক্সবাজার রয়েছেন মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) হোটেল 'শৈবাল'-এর বিষয়ে গঠিত ছয় সদস্য বিশিষ্ট কমিটি হোটেল শৈবাল, *বাপক*, কক্সবাজার পরিদর্শন শেষে কর্তৃপক্ষ বরাবর একটি পূর্ণাঙ্গ প্রস্তাব দাখিল করবেন।<br>খ) *বাপক*-এর জমি অবৈধ দখলদার মুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরই ধারবাহিকতায় নগরবাড়ীস্থ জমিতে উচ্ছেদ অভিযান পরিচালনায় জেলা প্রশাসক বরাবর প্রস্তাবনাসহ পত্র প্রেরণ করতে হবে;<br>গ) কক্সবাজারে পুলিশ বিভাগ এবং জেলা পরিষদের নিকট থেকে জমি উদ্ধার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** ব্যবস্থাপক (এস্টেট) / পূর্ত শাখা / গঠিত কমিটি |
| ১৩.০। | **এনএইচটিটিআই** |
| ১৩.১। | **এনএইচটিটিআই-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে**<br>**আলোচনা:** অধ্যক্ষ (এনএইচটিটিআই) জানান, এনএইচটিটিআই-এর ওয়েবসাইট চালুকরণ ও ব্যবহার উপযোগীকরণের বিষয়ে এবং সকল প্রশিক্ষণার্থীদের পূর্ণাঙ্গ ডাটাবেস প্রস্তুতের জন্য আইসিটি শাখার সহযোগিতায় কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে যেসব ক্লাস/কোর্স চলমান রয়েছে সেগুলো অব্যাহত রাখা ও সকল কোর্সের গুণগত মান বজায় রাখতে প্রশিক্ষকবৃন্দকে সর্বোচ্চ আত্মনিয়োগ করতে হবে। প্রশিক্ষকবৃন্দের নিয়মিত ও যথাসময়ে কার্যালয়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে;<br>খ) এনএইচটিটিআই থেকে উত্তীর্ণ ও সনদ প্রাপ্ত অদ্যাবধি সকল প্রশিক্ষণার্থীর পূর্ণাঙ্গ ডাটাবেস প্রস্তুতের লক্ষ্যে আগামী ০৩ (তিন) মাসের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে দৈনিক ৬০০ (ছয় শত)টি ডাটা এন্ট্রির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>গ) এন্ট্রিকৃত ডাটা সঠিকভাবে সংরক্ষণের লক্ষ্যে ০৩ (তিন) স্তরে যাচাই করতে হবে। ০১ (এক) জন প্রস্তুতকারী (ডাটা এন্ট্রি অপারেটর), ০১ (এক) জন তুলনাকারী ও ০১ (এক) জন যাচাইকারীর সমন্বয়ে একটি কমিটি গঠনের অফিস আদেশ জারি করতে হবে।<br>ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে প্রশিক্ষণার্থী বিনিময় ও ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট সংক্রান্ত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করতে হবে।<br>ঙ) বিভিন্ন দপ্তরে শর্ট কোর্সের জন্য প্রেরিত ডি.ও. লেটার গুলোর বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে এবং এগুলো সফল করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** অধ্যক্ষ (এনএইচটিটিআই) / আইসিটি শাখা |
| ১৩.২। | **এনএইচটিটিআই-এর প্রশিক্ষণ কার্যক্রমের উৎকর্ষতা ও উপযোগিতা বৃদ্ধি প্রসঙ্গে**<br>**আলোচনা:** সম্প্রতি ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি খাতের উপর বিশেষায়িত বিভিন্ন প্রতিষ্ঠান প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছে। সে পরিপ্রেক্ষিতে এনএইচটিটিআই-এর উপযোগিতা ও শীর্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষতা বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ে একটি যুগোপযোগী উপস্থাপনা প্রদর্শনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** বর্তমান উচ্চ প্রতিযোগিতার সময়ে এনএইচটিটিআই-এর উপযোগিতা ও শীর্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষতা বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ক প্রণীত প্রতিবেদনের উপর পরবর্তী সমন্বয় সভার পূর্বে কর্তৃপক্ষ বরাবর পুনরায় একটি উপস্থাপনা প্রদর্শন করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (পরিকল্পনা) / অধ্যক্ষ (এনএইচটিটিআই) |

| | |
|---|---|
| ১৪.০। | **বিবিধ** |
| ১৪.১। | ***বাপক*-এর নবনির্মিত প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এর তদারকি ও বিবিধ বিষয় প্রসঙ্গে**<br>**আলোচনা:** প্রধান কার্যালয়স্থ লিফট তিনটি সঠিক ভাবে ব্যবহার করা জরুরি। এছাড়া ভূগর্ভস্থ গাড়ী পার্কিং-এর জায়গার সঠিক ব্যবহার হচ্ছে না। এতে সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাশাপাশি মহাখালীস্থ পুরনো ভবনের দেখভালের জন্য এনএইচটিটিআই বা হোটেল অবকাশ থেকে কর্মকর্তা বাছাই করে দায়িত্ব বন্টন করা যেতে পারে মর্মে মহাব্যবস্থাপক (পিটিএস) মত প্রকাশ করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) 'পর্যটন ভবন'-এর লিফট তিনটির সমস্যাসমূহ চিহ্নিত করা এবং লিফটম্যান বিষয়ক চুক্তি কার্যকরের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে। পাশাপশি লিফট ম্যানেজমেন্ট বিষয়ে সাশ্রয়ী পরিকল্পনা মহাব্যবস্থাপক (পূর্ত) পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন;<br>খ) 'পর্যটন ভবন'-এর ভূগর্ভস্থ গাড়ী পার্কিং এর জায়গার সঠিক ব্যবহার নিশ্চিতকল্পে পার্কিং স্থলের চিহ্নিতকরণ ও পার্কিং এর ভবন ব্যবহারকারী সকল সংস্থার গাড়ী নম্বরসমূহ তালিকাভুক্ত করতে হবে। সেক্ষেত্রে মোট ৩৪টি গাড়ী রাখার জায়গা রয়েছে ধরে নিয়ে প্রতিটি দপ্তর ২/৩টি করে গাড়ী পার্কিং-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে (ফ্লোর বেশি হলে সেই দপ্তর ০৩টি, ফ্লোর কম হলে ০২টি)। উক্ত তালিকার বাইরের অন্যান্য গাড়ী পার্কিং-এর ক্ষেত্রে নিয়ম অনুযায়ী ভাড়া আদায় কার্যক্রম নিশ্চিত করতে হবে;<br>গ) 'পর্যটন ভবন'-এর প্রতি ফ্লোর দুইবার পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। প্রথমবার সকালে অফিস খোলার পূর্বে, দ্বিতীয়বার দুপুর ১২ থেকে ০১ ঘটিকার মধ্যে পরিচ্ছন্নতা কর্মীগণ পরিচ্ছন্ন কাজ সম্পন্ন করবেন। প্রত্যেক ফ্লোরে পৃথক কমিটি এ বিষয়ে তদারকি করবেন;<br>ঘ) পর্যটন ভবন সার্বিক তদারকির জন্য ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (পূর্ত) এবং নির্বাহী কর্মকর্তা (সা. সে.)-কে নিয়ে গঠিত কমিটি কাজ করবেন। কমিটি প্রতি মাসে মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে রিপোর্ট প্রদান করবেন;<br>ঙ) মহাখালীস্থ পুরনো ভবনে ৫ম তলায় ভাড়া প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উক্ত ভবনের দেখভালের জন্য এনএইচটিটিআই ও হোটেল অবকাশ এর কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** পূর্ত শাখা / পরিকল্পনা শাখা / সংশ্লিষ্ট কমিটি |
| ১৪.২। | ***বাপক*-এর কর্তকর্তাদের কর্মবন্টন এবং উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত কর্মকর্তাদের প্রতিকল্প কর্মকর্তা নির্ধারণ প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভায় চেয়ারম্যান মহোদয় *বাপক*-এর সকল কর্মকর্তাদের সুনির্দিষ্ট কর্মবন্টন তালিকা প্রণয়নের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। এছাড়া কাজের গতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত প্রতিকল্প কর্মকর্তা নির্ধারণ সম্পর্কিত অফিস আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** বিদ্যমান কর্মবন্টন তালিকা যাচাই-বাছাই করে সংশোধিত কর্মবন্টন করতে হবে এবং উপব্যবস্থাপক পর্যায় পর্যন্ত প্রতিকল্প কর্মকর্তা নির্ধারণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** প্রশাসন শাখা |
| ১৪.৩। | ***বাপক*-এর সুবর্ণজয়ন্তী উদযাপন প্রসঙ্গে**<br>**আলোচনা:** *বাপক*-এর সুবর্ণজয়ন্তী উৎসব উদযাপনের বিষয়ে গঠিত পঁচিশ সদস্য বিশিষ্ট কমিটিকে সুবর্ণজয়ন্তী উৎসব বর্ষব্যাপী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) *বাপক*-এর সুবর্ণজয়ন্তী উৎসব উদযাপনের বিষয়ে গঠিত পঁচিশ সদস্য বিশিষ্ট কমিটি *বাপক*-এর সুবর্ণজয়ন্তী উৎসব বর্ষব্যাপী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের কার্যক্রম সম্পন্ন করবে।<br>খ) *বাপক*-এর সুবর্ণজয়ন্তী উৎসব উদযাপনের বিষয়টি অবহিতকরণের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে;<br>গ) *বাপক*-এর সুবর্ণজয়ন্তী উৎসব উদযাপনের জন্য গঠিত নির্দিষ্ট কমিটি স্ব স্ব দায়িত্ব সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে পালন করবে;<br>ঘ) দ্রুততম সময়ের মধ্যে সাশ্রয়ী মূল্যে *বাপক*-এর মনোগ্রাম ও শুভেচ্ছা বার্তা সম্বলিত নান্দনিক স্যুভেনির সংগ্রহের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>ঙ) চলতি মাসে এ বিষয়ে একটি সংবাদ সম্মেলন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** গঠিত কমিটিসমূহ / নির্বাহী কর্মকর্তা (কেন্দ্রীয় স্টোর) |

| | |
|---|---|
| ১৪.৪। | **Export Promotion Bureau-এর স্থাপনায় *বাপক*-এর পক্ষ থেকে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভায় Export Promotion Bureau-এর আয়োজনে ২০২২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিতব্য পূর্বাচলে রপ্তানী ও বাণিজ্য মেলার জন্য নবনির্মিত নির্ধারিত স্থাপনায় *বাপক*-এর পক্ষ থেকে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে পরিপূর্ণ একটি সভা আগামী ১২-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>ক) Export Promotion Bureau-এর বিষয়ে গঠিত বর্ণিত পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি'র সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন অনুযায়ী আগামী ১২-১২-২০২১ তারিখে অনুষ্ঠিতব্য সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** গঠিত কমিটি |
| ১৪.৫। | ***বাপক*-এর কর্মকর্তা-কর্মচারীদের সংস্থার বাইরে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ প্রসঙ্গে**<br>**আলোচনা:** সভায় অধুনা প্রতিষ্ঠিত বিভিন্ন ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি প্রশিক্ষণ কেন্দ্রে *বাপক*-এর প্রশিক্ষক ও কর্মকর্তাবৃন্দের কর্তৃপক্ষের অগোচরে প্রশিক্ষণ প্রদান করতে যাওয়ার বিষয়ে আলোচনা হয়। সভাপতি এই চর্চাকে কঠোর ভাষায় সমালোচনা করেন। তিনি বলেন পরবর্তীতে সংস্থার কোন কর্মকর্তা-কর্মচারী সংস্থার বাইরে যেখানেই প্রশিক্ষণ প্রদান করতে যান না কেন, সেটি কর্তৃপক্ষের পূর্বানুমতির ভিত্তিতে যেতে হবে। এর ব্যত্যয়ে এ ধরনের কর্মকান্ড অসদাচরণ হিসেবে গণ্য হবে মর্মে তিনি একটি অফিস আদেশ জারির নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** *বাপক*-এর প্রশিক্ষক ও কর্মকর্তাবৃন্দের সংস্থার বাইরে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান, গ্রহণ, সেমিনার/সভা/কনফারেন্স/ওয়ার্কশপে অংশগ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। এছাড়াও প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় *বাপক*-এর নাম ও সুযোগ-সুবিধা ব্যবহার করে ব্যক্তিগত প্রচারণা করা যাবে না। এর ব্যত্যয়ে এ ধরনের কর্মকান্ড অসদাচরণ হিসেবে গণ্য হবে মর্মে একটি অফিস আদেশ জারি করতে হবে।<br><br>**বাস্তবায়ন:** মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) / উপব্যবস্থাপক (প্রশাসন) |

১৫.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হান্নান মিয়া)
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০০০.০৬.০০১.০৭/ ১৬০১

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক ------------------------------------------------------ (সকল), *বাপক*, ঢাকা।
২) মহাব্যবস্থাপক ------------------------------------------------- (সকল), *বাপক*, ঢাকা।
৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, *বাপক*, মহাখালী, ঢাকা।
৪) বিভাগীয় প্রধান ------------------------------------------------- (সকল), *বাপক*, ঢাকা।
৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, *বাপক*, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৪/১২/২০২১

(মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)